# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**28 AUGUST 2025 7:45—7:55 PM**

---

(১) দুদিনের সফরসূচী নিয়ে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ আর কিছুক্ষণের মধ্যে গুয়াহাটি আসছেন/আগামীকাল নবনির্মিত রাজভবনের উদ্বোধন/

(২) প্রধানমন্ত্রী জন ধন যোজনার আজ এগারো বছর সম্পূর্ণ/এপর্যন্ত দুই লক্ষ ৬৮ হাজার কোটি টাকা জমা পড়েছে বলে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের প্রকাশ/

(৩) বিশ্ববরেণ্য শিল্পী ডঃ ভূপেন হাজারিকার জন্মশতবর্ষ উপলক্ষে কেন্দ্রীয় অর্থ মন্ত্রণালয়ের একশো টাকা মূল্যের স্মারক মুদ্রা প্রকাশের বিষয়ে অনুমোদন/

এবং

(৪) ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগমের ২৭১ কিলোমিটার দীর্ঘ রেলপথের একশো শতাংশ বৈদ্যুতিকীকরণের কাজ সম্পূর্ণ/ বদরপুর-জিরানিয়া এবং আগরতলা-অরুণাচল জংশনের মধ্যে বিদ্যুৎ চালিত যাত্রীবাহী ট্রেনের পরীক্ষামূলক যাত্রা সম্পন্ন/

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ এন ডি এর পঞ্চায়েত সম্মেলন এবং প্রাক্তন মুখ্যমন্ত্রী গোলাপ বরবরার জন্মশতবর্ষ কার্যসূচীতে অংশগ্রহণ করার উদ্দেশ্যে দুদিনের আসাম সফরে আজ অল্প কিছুক্ষন পর গুয়াহাটি আসছেন । রাজ্য বিজেপির পক্ষ থেকে জানানো হয়েছে যে শ্রী শাহ বরঝার বিমানবন্দর থেকে বশিষ্ঠর অটল বিহারী বাজপেয়ী ভবনের উদ্দেশ্যে রওয়ানা হবেন । শ্রী শাহ বাজপেয়ী ভবনে বিজেপির রাজ্য কমিটির সঙ্গে এক বৈঠকে মিলিত হবেন । তিনি কইনাধারার রাজ্য অতিথিশালায় রাত্রীযাপন করবেন ।

কেন্দ্রীয় মন্ত্রী শ্রী শাহ আগামীকাল সকালে নবনির্মিত আসাম রাজভবনের উদ্বোধন করবেন ।স্বরাষ্ট্রমন্ত্রী আগামীকাল বিকেলে শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে আয়োজিত প্রাক্তন মুখ্যমন্ত্রী গোলাপ বরবরার জন্ম শতবর্ষ উপলক্ষে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন ।এরপর তিনি খানাপারায় পঞ্চায়েত প্রতিনিধি সম্মেলন থেকে ২০২৬ সালের বিধানসভা নির্বাচনের প্রস্তুতি শুরু করবেন ।এই সম্মেলনে বিজেপি , অসম গণপরিষদ , রাভা হাসং যৌথ সংগ্রাম কমিটি এবং জনশক্তি সহ এন ডি এর শীর্ষ নেতারা উপস্থিত থাকবেন ।প্রায় ২০ হাজার জন নির্বাচিত প্রতিনিধি এই সম্মেলনে উপস্থিত থাকার কথা রয়েছে ।ডিমা হাসাও স্বশাসিত পরিষদের নির্বাচিত প্রতিনিধিরাও সম্মেলনে উপস্থিত থাকবেন ।

এদিকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ নবনির্মিত রাজভবন উদ্বোধনের প্রস্তুতি খতিয়ে দেখেন । মুখ্যমন্ত্রী বলেন ----- বাইট

------------------------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ রাজ্যের খনি ও খনিজ পদার্থ বিজ্ঞান বিভাগের উচ্চপদস্থ আধিকারিকদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়ে দ্বিতীয় এডভান্টেজ আসাম সম্মেলনে স্বাক্ষরিত সমঝোতা চুক্তির পর্যালোচনা করেন । বৈঠকে এডভান্টেজ আসামে দেওয়া প্রতিশ্রুতি সমূহ বাস্তবায়িত করার ক্ষেত্রে এপর্যন্ত হওয়া অগ্রগতির মূল্যায়ন সম্পর্কে আলোচনা করা হয় ।

------------------------------------------------------------------------------------------------

আসাম ২০২৪-২৫ বর্ষে খনিজ তেল এবং গ্যাসের ক্ষেত্রে রয়েলিটি লাভ করা রাজ্যের তালিকায় শীর্ষ স্থান দখল করেছে । কেন্দ্রীয় পেট্রলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রনালয়ের পরিসংখ্যা অনুযায়ি আসাম খনিজ তেল ও গ্যাস উৎপাদনের রয়েলিটি হিসেবে ২০২৪-২৫ বর্ষে ৩ হাজার ৭৬৬ কোটি টাকারও অধিক অর্থ অর্থাৎ সর্বাধিক অর্থ লাভ করেছে ।২০২৩-২৪ বর্ষে ৩ হাজার ৬৭২ কোটি টাকারও অধিক অর্থ লাভ করেছিল বলে মন্ত্রনালয় সূত্রে প্রকাশ করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী জন ধন যোজনা আজ এগারো বছর সম্পূর্ণ করেছে । ২০১৪ সালের ১৫ই আগস্ট প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ঘোষণা করা এই যোজনা বিশ্বের সর্ববৃহৎ আর্থিক উদ্যোগ হিসেবে পরিচিত হয়েছে । সেই বছরেরই ২৪শে আগস্ট প্রধানমন্ত্রী এই যোজনার সূচনা করেছিলেন । জাতীয় পর্যায়ের এই অভিযানের মাধ্যমে দুঃস্থ লোকেদের আর্থিক সাহায্য প্রদান সহ প্রতিটি পরিবারকে ব্যাংকিং সেবার মাধ্যমে সুবিধা প্রদানের ব্যবস্থা করা হয়েছে । এই প্রকল্পের অধীনে ব্যাংক এ্যাকাউন্ট সহ প্রয়োজন সাপেক্ষে

ঋণের সুবিধা, বীমা ও পেনশনের সুবিধা ইত্যাদির নিশ্চয়তা প্রদান করা হয়েছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামাজিক মাধ্যমের একটি পোস্টে আজ বলেছেন যে- এই প্রকল্পটি আর্থিক ব্যবস্থায় অর্ন্তভুক্তি থেকে সবলীকরণ পর্যন্ত সব ক্ষেত্রে দেশে আমূল পরিবর্তনের সূচনা করেছে । তিনি বলেন যে- সমাজের একেবারে অন্তিম ব্যক্তিটিও আর্থিক ব্যবস্থার সঙ্গে সংযুক্ত হলেই সমগ্র রাষ্ট্র এগিয়ে যাবে । তিনি একইসঙ্গে জন ধন যোজনার মাধ্যমে এই লক্ষ্য পূরণ করা সম্ভব হয়েছে  বলে মন্তব্য করেন । শ্রী মোদী বলেন- এই প্রকল্পটি জনসাধারণের মর্যাদা বৃদ্ধি করেছে এবং তাদের নিজেদের ভাগ্য নিজেদেরকেই লেখার সুযোগ প্রদান করেছে ।

প্রধানমন্ত্রী জন ধন যোজনার এগারো বছর সম্পূর্ণ হওয়া উপলক্ষে কেন্দ্রীয় অর্থ মন্ত্রী নির্মলা সীতারমণ বলেছেন যে- এই প্রকল্পটি সরাসরি লাভ হস্তান্তর ব্যবস্থার মাধ্যমে বিভিন্ন প্রকল্পের অধীনে জনসাধারণের কল্যাণে গুরুত্বপূর্ণ মাধ্যমরূপে পরিগণিত হয়েছে । তিনি বলেন যে- গত এগারো বছরে ৫৬ কোটিরও বেশি জন ধন এ্যাকাউন্ট খোলা হয়েছে এবং এই এ্যাকাউন্ট সমূহে দুই লক্ষ ৬৮ হাজার কোটি টাকা জমা হয়েছে । ডিজিট্যাল লেনদেনের পথ প্রশস্ত করে ৩৮ কোটিরও বেশি বিনামূল্যে রূপে কার্ড জারি করা হয়েছে বলেও শ্রীমতি সীতারমণ জানিয়েছেন । তিনি বলেন যে- প্রধানমন্ত্রী জন ধন যোজনার আওতায় খোলা এ্যাকাউন্ট সমূহের ৬৭ শতাংশই গ্রামাঞ্চলের এবং ছোট শহরের।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় অর্থ মন্ত্রণালয় বিশ্ববরেণ্য শিল্পী ডঃ ভূপেন হাজারিকার জন্মশতবর্ষ উপলক্ষে এই মহান শিল্পীর প্রতি সম্মান জানিয়ে একশো টাকা মূল্যের স্মারক মুদ্রা প্রকাশ করার বিষয়ে অনুমোদন জানিয়েছে । এই পদক্ষেপের মাধ্যমে বিশ্ববন্দিত এই শিল্পীর আদর্শ ও কর্মরাজিকে জনসাধারণের মধ্যে উজ্জীবিত করে রাখবে। মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এই পদক্ষেপ গ্রহণের জন্য প্রধানমন্ত্রীর নেতৃত্বাধীন কেন্দ্রীয় সরকারকে রাজ্যবাসীর পক্ষ থেকে কৃতজ্ঞতা জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

ত্রিপুরা রাজ্য বিদ্যুৎ নিগম ২৭১ কিলোমিটার দীর্ঘ রেলপথের একশো শতাংশ বৈদ্যুতিকীকরণের কাজ সম্পূর্ণ করেছে । উত্তর-পূর্ব সীমান্ত রেল এই কাজে সহযোগিতা করেছে । ত্রিপুরায় জাতীয় রেল গ্রীডকে বৈদ্যুতিক ট্রেনের মাধ্যমে সংযুক্ত করার উদ্দেশ্যে ২০২২ সালে ৪৬ কোটি টাকা ব্যয়ে বৈদ্যুতিকীকরণের এই প্রকল্প আরম্ভ হয়েছিল । আসামের বদরপুর স্টেশন এবং ত্রিপুরার জিরানিয়া স্টেশনের মধ্যে বৈদ্যুতিক ইঞ্জিন চালিত প্রথম মালগাড়িটির পরীক্ষামূলক চলাচল ইতিমধ্যে সম্পন্ন করা

হয়েছে । এরপর আগরতলা এবং কাছাড় জেলার অরুণাচল জংশনের মধ্যে বিদ্যুৎ চালিত যাত্রীবাহী ট্রেনের পরীক্ষামূলক যাত্রা সম্পন্ন করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আসন্ন দূর্গাপূজো সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে আজ জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে এক সভা অনুষ্ঠিত হয়েছে ।জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত সভায় জেলা আয়ুক্ত শ্রী দ্বিবেদী দূর্গাপূজো সুষ্ঠুভাবে পালন করতে বেশ কিছু নিয়ম নীতি মেনে চলার আহ্বান জানান । তিনি বিশেষ করে চারটি বিষয়ের ওপর গুরুত্ব আরোপ করে বলেন যে পূজোর দিনগুলোতে ও প্রতিমা নিরঞ্জনের দিন ১০ ডেসিবলের বেশী শব্দে ডিজে বাজানো যাবেনা ।এছাড়া পূজো কমিটিগুলোকে বর্জ্য ব্যবস্থাপনা , ডাস্টবিন ব্যবহার করা , পূজো মন্ডপে অগ্নি নির্বাপক সরঞ্জাম প্রস্তুত রাখতে বলেন ।নেশাগ্রস্থ অবস্থায় যানবাহন চালানো , পূজো প্রাঙ্গনে নেশা দ্রব্যের ব্যবহার ও জোয়ার আসার বসানো যাবেনা বলে তিনি সতর্ক করে দেন ।সভায় তিন বছরের বেশী সময় ধরে দূর্গাপূজো সম্পন্ন করা সর্বজনীন পূজো কমিটির কর্মকর্তাদের  নিজ নিজ এলাকার চক্র আধিকারীকের কার্যালয়ে শীঘ্র বেংক একাউন্টের বিবরণ জমা দিতে বলা হয়েছে । সভায় প্রবীণ পুলিশ আধিকারীক পূজো মন্ডপগুলোতে পর্যাপ্ত সংখ্যক স্বেচ্ছাসেবী নিয়োগ করার আহ্বান জানান এবং স্বেচ্ছাসেবকদের নামের তালিকা পূজোর কমপক্ষে ৫ দিন আগে পুলিশের কাছে জমা দিতে বলেন ।মন্ডপগুলোতে সিসিটিভি ক্যামেরা স্থাপন করার পরামর্শ দেন তিনি । বিসর্জন ঘাটে প্রতিমা নিরঞ্জনের সময় প্রতিমার সাথে শুধু ৫ জনের যাওয়ার অনুমতি থাকবে বলে সভায় জানানো হয় ।সভায় শ্রীভূমির পৌরপতি রবীন্দ্র চন্দ্র দেব , প্রবীণ পুলিশ সুপার পার্থপ্রতিম দাস , বিভিন্ন বিভাগের আধিকারীক ও পূজো কমিটির কর্মকর্তারা উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

আসাম সরকারের আরোহন প্রকল্পের অধীনে হাইলাকান্দির জেলা আয়ুক্ত অভিষেক জৈন আজ জেলার ৬১ জন মেধাবী ছাত্র-ছাত্রীর সঙ্গে মত বিনিময় করেন । এ উপলক্ষ্যে প্রকল্পের মেন্টর এবং মেনটি-দের নিয়ে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । প্রকল্পের অধীনে নির্বাচিত মেন্টর বা পরামর্শদাতারা আগামী চার বছর ধরে মেনটি বা শিক্ষার্থীদের অধ্যয়নে সহায়তা এবং পথ প্রদর্শন করবেন ।  জেলা আয়ুক্ত শ্রীজৈন বলেন যে আসাম সরকারের এই প্রকল্প মেধাবী ছাত্র-ছাত্রীদের বিভিন্ন ভাবে উপকৃত করছে । অনুষ্ঠানে পুলিশ সুপার অমিতাভ সিংহ , শিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত ত্রিদীপ রায় প্রমূখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

রঙিয়ায় অনুষ্ঠিত জে কে বড়ুয়া অনুর্দ্ধ-১৯ আন্তঃজেলা ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে আজ গুয়াহাটি, হাইলাকান্দিকে ৫৯ রানে পরাজিত করেছে । আজকের খেলায় গুয়াহাটি টসে জিতে প্রথমে ব্যাট করার সিদ্ধান্ত নেয় । তারা ৩৬ ওভার পাঁচ বলে সবকটি উইকেট হারিয়ে ১৩০ রান সংগ্রহ করে । গুয়াহাটির হয়ে দেবরাজ শর্মা সর্বাধিক ৩৫ রান করেছে । জবাবে হাইলাকান্দি দল খেলতে নেমে ২৯ ওভার তিন বলে সবকটি হারিয়ে ৭১ রান করতে সমর্থ হয় । হাইলাকান্দি দলের কবীর আহমেদ সর্বোচ্চ বারো রান করে ।

---------------------------------------------------------------------------------------

ধলাই-র মাতৃভূমি স্বেচ্ছাসেবী সংগঠনের উদ্যোগে আয়োজিত মাতৃভূমি কাপ প্রাইজমানি ফুটবল প্রতিযোগীতার সেমি-ফাইনালে প্রবেশ করলো টি এইচ বি আর্জানপুর দল । স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বহুমূখি বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আজ দ্বিতীয় কোয়াটার ফাইনাল খেলায় এল এইচ স্পোর্টিং নর্থ হাওয়াইথাং-কে সাডেন ডেথে পরাজিত করে সেমি-ফাইনালে জায়গা করে নেয় টি এইচ বি আর্জানপুর দল । নির্ধারিত সময়ে খেলা ১-১ গোলে সমতায় থাকে ফলে ম্যাচ গড়ায় ট্রাইবেকার পর্য্যন্ত । ট্রাইবেকারের খেলায়ও দুই দল সমতায় থাকে । শেষ পর্য্যন্ত সাডেন ডেথে ৫-৪ গোলের ব্যবধানে টি এইচ বি আর্জানপুর দল বিজয়ী হয় । ম্যাচের সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন আর্জানপুর দলের রাঙ বাউল । আগামী শনিবার প্রতিযোগীতার তৃতীয় কোয়াটার ফাইনালে ইন্ডিয়ান এফ সি ও ভাগা এফ সি পরস্পরের মূখোমূখি হবে ।

---------------------------------------------------------------------------------------